

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
নগর ভবন, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

স্মারক নং ৪৬.১০.০০০০.০২৪.০১.০০২.১৯.৫২০

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৬
২৫ নভেম্বর ২০১৯

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের সংবাদ সম্মেলনে অংশগ্রহণের আমন্ত্রণ।

নারী, শিশু ও প্রতিবন্ধীবাধ্বব নগর গড়ার লক্ষ্যে এবং নারীর প্রতি সহিংসতা রোধে জাতিসংঘ ঘোষিত 'সিক্সটিন ডেজ অব অ্যাক্টিভিজম' এর অংশ হিসাবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) উদ্যোগে আগামী ২৯-৩০ নভেম্বর গুলশান ইয়ুথ ক্লাব মাঠে বিভিন্ন কর্মসূচি যেমন বিভিন্ন এনজিওর স্টল স্থাপন, আলোচনা, সেমিনার, শিশুদের জন্য খেলাধুলা ইত্যাদির আয়োজন করা হয়েছে।

এ উপলক্ষে আগামীকাল ২৬ নভেম্বর বিকাল ৩টায় গুলশানস্থ নগর ভবনে (লেভেল-৮) এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। মহিলা সংসদ সদস্যবৃন্দ, সরকারি-বেসরকারি ও আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রধানগণ উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন।

সংবাদ সম্মেলনে অংশগ্রহণ করার জন্য সকল গণমাধ্যম প্রতিনিধিকে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হচ্ছে।

(এ এস এম মামুন)

জনসংযোগ কর্মকর্তা

মোবাইলঃ ০১৭১১০৫৬০২৪

ইমেইলঃ pro@dncc.gov.bd

প্রাপক,

সম্পাদক/বার্তা প্রধান/চিফ নিউজ এডিটর/এসাইনমেন্ট এডিটর

/চিফ রিপোর্টার/রিপোর্টার (সকল প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়া)।